

| |
|-------------------------------------------------|
| যুগ্মসচিব |
| আইসিটি ও সমন্বয় এর দপ্তর |
| উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) / সিস্টেম এনালিস্ট |
| ডায়েরী নং: ৩৫২/২৭/১০ |
| তারিখ: ২৭/১০/১০ |
| স্বাক্ষর: [স্বাক্ষর] |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যোগাযোগ মন্ত্রণালয়

সড়ক বিভাগ

শৃঙ্খলা অধিশাখা

নং- ৩৫.০২৮.০২৭.০০.০০.০১৮.২০১০- ২৬২

তারিখ: ২৭ মে ২০১০
২৬ জ্যৈষ্ঠ ১৪২০

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ সানাউল হক (পরিচিতি নম্বর-০০১০২৮), বর্তমানে প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, নারায়ণগঞ্জ সড়ক বিভাগে বিগত ৩১-০৭-২০০৫ তারিখ হতে ২৪-০৭-২০০৮ তারিখ পর্যন্ত নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মকালীন সময়ে “মাঝিনা-কায়েতপাড়া-ত্রিমোহনী সংযোগ সড়ক” শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রহণের জন্য কোন পদক্ষেপ গ্রহণ না করে প্রকল্প বাস্তবায়নে জটিলতার সৃষ্টি করেছেন এবং ভূমি অধিগ্রহণ ব্যতিরেকে মাটি দ্বারা সড়ক বাঁধ নির্মাণ, ফ্লেক্সিবল পেভমেন্ট নির্মাণ, আরসিসি সেতু নির্মাণ এবং সড়ক বাঁধ রক্ষাপ্রদ কাজ করে উক্ত কাজের বিল পরিশোধ করে সরকারী বিধি-বিধান লংঘন করে দায়িত্ব পালনে অবহেলা প্রদর্শন করেছেন এবং সড়ক বাঁধ নির্মাণের জন্য মাটির কাজ ছোট ছোট ভাগে বিভক্ত করে অধিক সংখ্যক ঠিকাদার নিয়োগ করে সরকারী বিধান লংঘন করার অভিযোগসমূহে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়।

এবং

যেহেতু, উক্ত বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক কেন চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার বিধানমতে অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন কি না তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। অভিযোগনামা প্রাপ্তির পর অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে আপনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করেন;

এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানীকালে আপনার বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) বিধি মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সড়ক বিভাগের উপসচিব বেগম রওশন আরা বেগমকে কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক জনাব মোঃ সানাউল হক (পরিচিতি নম্বর-০০১০২৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ) সওজ অধিদপ্তর (বর্তমানে প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন, ছুটি প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সড়ক বিভাগ) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের সহিত দ্বিমত পোষণ করা হয়নি;

[স্বাক্ষর]


এবং

(অপর পৃষ্ঠা দৃষ্টব্য)

সেহেতু, এক্ষণে জনাব মোঃ সানাউল হক (পরিচিতি নম্বর-০০১০২৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ) সওজ অধিদপ্তর (বর্তমানে প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন, ছুটি প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সড়ক বিভাগ) কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

| |
|-------------------------------------------------|
| যুগ্মসচিব |
| আইসিটি ও সমন্বয় এর দপ্তর |
| উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) / সিস্টেম এনালিস্ট |
| ডায়েরী নং..... তারিখ..... |
| স্বাক্ষর..... |

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৭.৭.২০১৩
(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নং- ৩৫.০২৮.০২৭.০০.০০.০১৮.২০১০-২৬/১(১৪)

তারিখ : ২৭ মে ২০১৩
২৬ জ্যৈষ্ঠ ১৪২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
- ৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
- ৬। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ৭। যুগ্ম-সচিব (আইসিটি ও সমন্বয়), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা
- ৯। উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
- ১৪। জনাব মোঃ সানাউল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ) সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন, ছুটি প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, রমনা, ঢাকা।


২৭.৫.১৩
(আলম আরা বেগম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫২৮।